

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
এফ এম বিভাগ-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৪.৩৭.০৬৭.২৩ নথির বিষয়: Procurement of HT cable termination kit and HT cable joint kit for maintenance of different substation under MODS circle-2,DWASA
নোট: ১ নোটের বিষয়: Procurement of HT cable termination kit and HT cable joint kit for maintenance of different substation under MODS circle-2,DWASA

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৬/৭/২৩ ৯:৩১ অপরাহ্ন

অত্র বিভাগের অধীনে মডস সার্কেল-২ অর্থাৎ মডস জোন-৪/৫/৮/৯/১০ এর ৬৫৬টি গভীর নলকূপে পাম্প মোটর স্থাপন/প্রতিস্থাপন, ডেলিভারী লাইনের অন্যান্য যান্ত্রিক ও বৈদ্যুতিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হয়ে থাকে। এই কূপ সমূহের সাব-স্টেশন সহ পাম্পের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের প্রয়োজনীয় পাম্প মোটর, ট্রান্সফরমার সহ আনুষঙ্গিক মালামাল অত্র বিভাগ হতে সরবরাহ করা হয়। উক্ত পাম্প স্টেশন সমূহের সাব-স্টেশন, ডুয়াল সংযোগ, ভিএফডি, এলটি প্যানেল, পিএফআই প্লান্ট ও অন্যান্য আনুষঙ্গিক বৈদ্যুতিক সরঞ্জামাদির মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ এফ.এম বিভাগ-২ এর মাধ্যমে করা হয়ে থাকে। এলাকায় পানির চাহিদা মেটানোর লক্ষ্যে নিরবিচ্ছিন্নভাবে পাম্প-মোটর চালু রাখার স্বার্থে সাব-স্টেশন নিয়মিত রক্ষণাবেক্ষণ ও মেরামতের জন্য প্রাক্কলনে উল্লেখিত মালামালগুলি জরুরী প্রয়োজন। প্রতিস্থাপন কূপ খনন করা হলে জায়গার সলপতার কারণে প্রায় সব পাম্প-কম্পাউন্ডেই বৈদ্যুতিক সাব-স্টেশন ও ট্রান্সফরমার স্থানান্তর করতে হয়। উল্লেখিত মালামালগুলোর মজুদের পরিমাণ প্রায় শূন্যের কোঠায় (আলোচ্য মালামালের মজুদ বিবরণী)। প্রাক্কলনে উল্লেখিত মালামালগুলি সংগ্রহ করা হলে মডস সার্কেল-২ এর আওতাধীন বিভিন্ন সাব স্টেশনের রক্ষণাবেক্ষণ কাজ বিভাগীয় জনবলের মাধ্যমে সচল করা সম্ভব হবে। তাই বিষয়ভূক্ত মালামালগুলি জরুরী ভিত্তিতে সংগ্রহ করার লক্ষ্যে পিডব্লিউডি রোট সিডিউল দরের ভিত্তিতে আলোচ্য কাজের একটি প্রাক্কলন উপস্থাপন করা হল, যাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে =১৪,৯৭,৪৫৬.১১৩/- (চৌদ্দ লক্ষ সাতানব্বই হাজার চারশত ছাপ্পান্ন দশমিক এক এক তিন) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-৬০ (প্যাকেজ নং-পিজি-০৫) এ (এলটিএম-ই-জিপি তে) অন্তর্ভুক্ত করা আছে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৬/৭/২৩ ৯:৩১ অপরাহ্ন

আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং বিধিমালা ২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ-২ এর ৬৩ বিধি অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতিতে (এলটিএম-ই-জিপি) দরপত্র আহবান করে কাজটি সম্পন্ন করা যেতে পারে।



অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৬/৭/২৩ ৯:৩২ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে জরুরী বিবেচনায় Procurement of HT cable termination kit and HT cable joint kit for maintenance of different substation under MODS circle-2,DWASA কাজে উপস্থাপিত =১৪,৯৭,৪৫৬.১১৩/- (চৌদ্দ লক্ষ সাতানব্বই হাজার চারশত ছাপ্পান্ন দশমিক এক এক তিন) মাত্র টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম-ই-জিপি) এ দরপত্র আহবান করার অনুমোদন দেয়া যেতে পারে।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা


১৭/৭/২৩-১২:০৬ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৯/৭/২৩ ৫:৪০ পূর্বাহ্ন
অনুমোদিত

			
১৯/৭/২৩ ৫:৪০ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	১৯/৭/২৩ ৮:৫১ পূর্বাহ্ন সুজন চন্দ্র বর্মেন নির্বাহী প্রকৌশলী এফ এম বিভাগ-২	১৯/৭/২৩ ১০:২২ পূর্বাহ্ন আবুজাহ-আস-সাদ্দ সহকারী প্রকৌশলী এফ এম বিভাগ-২	১৯/৭/২৩ ৬:০১ অপরাহ্ন মোঃ আনিসুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী এফ এম বিভাগ-২

অনুচ্ছেদ: ১.৪

দরপত্র আহবানের ব্যবস্থা নিন।


১৯/৭/২৩
(সুজন চন্দ্র বর্মেন)
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ ২, ঢাকা ওয়াসা

SAE.

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা